

রেজিস্টার্ড নং ডি এ-১ “জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের
জন্মশতবার্ষিকী উদযাপন সফল হোক”

বাংলাদেশ



গেজেট



অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, নভেম্বর ৯, ২০২১

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মন্ত্রিপরিষদ বিভাগ

প্রজ্ঞাপন

ঢাকা, ২২ কার্তিক ১৪২৮ বঙ্গাব্দ/০৭ নভেম্বর ২০২১ খ্রিস্টাব্দ

নম্বর: ০৪.০০.০০০০.৪২১.৬২.০২২.২১.২৬৪—বরেণ্য অভিনেতা জনাব মাহমুদ সাজ্জাদ গত ২৪ অক্টোবর ২০২১ তারিখে ইন্তেকাল করেন (ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন)। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৭২ বছর।

২। জনাব মাহমুদ সাজ্জাদ-এর মৃত্যুতে গভীর শোক ও দুঃখ প্রকাশ, তাঁর রুহের মাগফেরাত কামনা এবং শোকসন্তপ্ত পরিবারের সদস্যদের প্রতি গভীর সমবেদনা জ্ঞাপন করে মন্ত্রিসভার ১২ কার্তিক ১৪২৮/২৮ অক্টোবর ২০২১ তারিখের বৈঠকে একটি শোকপ্রস্তাব গ্রহণ করা হয়।

৩। মন্ত্রিসভার বৈঠকে গৃহীত উক্ত শোকপ্রস্তাব সকলের অবগতির জন্য প্রকাশ করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

খন্দকার আনোয়ারুল ইসলাম
মন্ত্রিপরিষদ সচিব

(১৫৯৯৯)

মূল্য : টাকা ৪-০০

মন্ত্রিসভার শোকপ্রস্তাব

১২ কার্তিক ১৪২৮
ঢাকা : ২৮ অক্টোবর ২০২১

বরেণ্য অভিনেতা জনাব মাহমুদ সাজ্জাদ গত ২৪ অক্টোবর ২০২১ তারিখে ইন্তেকাল করেন (ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাহি রাজিউন)। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৭২ বছর।

জনাব মাহমুদ সাজ্জাদ ১৯৪৯ সালে ময়মনসিংহ জেলায় জন্মগ্রহণ করেন। তিনি ময়মনসিংহের নাসিরাবাদ কলেজ থেকে উচ্চ মাধ্যমিক পাস করেন। এরপর তিনি ঢাকা বিশ্ববিদ্যালয়ের ইতিহাস বিভাগ হতে বি.এ (সম্মান) এবং এম.এ. ডিগ্রি অর্জন করেন।

জনাব মাহমুদ সাজ্জাদ কলেজ জীবন থেকেই সাংস্কৃতিক কর্মকাণ্ডের সঙ্গে সম্পৃক্ত ছিলেন। ঢাকা বিশ্ববিদ্যালয়ে অধ্যয়নকালেও তিনি চলচ্চিত্র সংসদ, মঞ্চনাটকের দল নাট্যচক্রের সঙ্গে কাজ করেন। স্বাধীনতার পূর্বে তিনি বেতার নাটকের সঙ্গে যুক্ত ছিলেন। সুদীর্ঘ অভিনয় জীবনে জনাব মাহমুদ সাজ্জাদ বাংলা চলচ্চিত্র, মঞ্চনাটক এবং টেলিভিশন নাটকে অভিনয়ের মাধ্যমে জনপ্রিয়তা লাভ করেন। নাট্যচক্র দলের হয়ে তিনি ‘লেট দেয়ার বি লাইট’, ‘স্পার্টাকাস’, ‘জনক’সহ বেশ কিছু জনপ্রিয় মঞ্চ নাটকে অভিনয় করেন। এছাড়াও তিনি শতাধিক টেলিভিশন নাটকে অভিনয় করেন। তাঁর অভিনীত প্রথম ধারাবাহিক নাটক ‘সকাল সন্ধ্যা’। বিখ্যাত পরিচালক জহির রায়হানের ‘সংসার’, খান আতাউর রহমানের ‘ঝড়ের পাখি’, ‘আপন পর’সহ বেশ কয়েকটি চলচ্চিত্রেও তিনি তাঁর অভিনয় দক্ষতার স্বাক্ষর রাখেন। অভিনয়ে অসামান্য অবদানের জন্য জনাব মাহমুদ সাজ্জাদ জনগণের শ্রদ্ধা ও ভালবাসায় অমর হয়ে থাকবেন।

পেশাগত জীবনে তিনি বাংলাদেশ স্টিল অ্যান্ড ইঞ্জিনিয়ারিং কর্পোরেশনের জেনারেল ম্যানেজার হিসাবে সুনামের সঙ্গে দায়িত্ব পালন করেন। পেশাগত জীবনের পাশাপাশি জনাব সাজ্জাদ বিভিন্ন সামাজিক কর্মকাণ্ডের সঙ্গেও সম্পৃক্ত ছিলেন। তিনি বৃহত্তর ময়মনসিংহ সাংস্কৃতিক ফোরামের অন্যতম প্রতিষ্ঠাতা ছিলেন।

ব্যক্তিগত জীবনে জনাব মাহমুদ সাজ্জাদ ছিলেন অত্যন্ত বিনয়ী, সদালাপী, বন্ধুবৎসল, মুক্তচিন্তা ও অসাম্প্রদায়িক চেতনায় বিশ্বাসী একজন উদারনৈতিক মানুষ। তাঁর মৃত্যুতে দেশের সাংস্কৃতিক অঙ্গনে সৃষ্টি হল এক অপূরণীয় শূন্যতা। উল্লেখ্য, জনাব সাজ্জাদ বর্তমান মন্ত্রিসভার সদস্য মাননীয় সংস্কৃতি প্রতিমন্ত্রী জনাব কে এম খালিদের জ্যেষ্ঠ ভ্রাতা।

মন্ত্রিসভা জনাব মাহমুদ সাজ্জাদের মৃত্যুতে গভীর শোক ও দুঃখ প্রকাশ করে তাঁর রুহের মাগফেরাত কামনা এবং শোকসন্তপ্ত পরিবারের সদস্যদের প্রতি গভীর সমবেদনা জ্ঞাপন করছে।